



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।  
সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।  
[www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)



স্মারক নম্বরঃ চশিবো/প্রশা-২/মাধ্যমিক বৃত্তি/৩৭৮/২০১১/ ০৬৫(২)

তারিখঃ ১২/০১/২০২১ খ্রি:

### বিজ্ঞপ্তি

বিষয়: ২০২০ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের(মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) তথা MIS Software- এন্ট্রি সংক্রান্ত।

সূত্র: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.৭৯১

তারিখ: ০৪ .০১. ২০২১ খ্রি:

২০২০ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের লক্ষ্যে MIS Software এ বর্ণিত লিংকে নির্দেশাবলী অনুসরণপূর্বক তথ্যাদি এন্ট্রি প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে একটি বিজ্ঞপ্তি অনলাইনে প্রকাশ করা যেতে পারে।


#### MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:

১. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা।
২. পাঠ বিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া।
৩. মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি না করা ( উল্লেখ্য উক্ত বোর্ডের হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট অধিদপ্তর হতে বৃত্তির অর্থ প্রাপ্য হবে)।
৪. বাংলাদেশের অনলাইন সুবিধা সম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর/১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
৫. যৌথ নামে ব্যাংক হিসাব /স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে যৌথ নামই উল্লেখ করতে হবে।
৬. শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট ব্যতীত পিতা/মাতা বা অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।
৭. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
৮. অনলাইন ব্যাংক হিসাব অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
৯. বিকাশ শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা।
১০. শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর ,পরীক্ষার নাম ও সন সঠিক ভাবে পূরণ করতে হবে।
১১. বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিক ভাবে পূরণ করতে হবে।
১২. ব্যাংক শাখার নাম রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক ভাবে পূরণ করতে হবে।
১৩. তথ্য পূরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন।
১৪. তথ্য এন্ট্রি দেওয়ার সময়সীমা ০৫/০১/২০২১খ্রি: থেকে ১৮/০১/২০২১খ্রি: পর্যন্ত।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ:

# HSP& Scholarship MIS এর URL (লিংক): [hspbd.com/HSP.MIS/login](http://hspbd.com/HSP.MIS/login)

# প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যেও জন্য : <https://www.facebook.com/groups/spbmu>

  
12.1.21

(প্রফেসর আবদুল আলীম)

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

চট্টগ্রাম।

২২/১/২০২১